

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

তারিখঃ ১১/০৫/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং- ১- ৫৫/২০২৬

যেহেতু, জনাব মোঃ জনি মিয়া, লস্কর-কে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-ডি-১২৯/২০২৫; তারিখঃ ২৮/০৫/২০২৫খ্রিঃ দ্বারা ড্রেজার-১৩৫, ড্রেজার বেইজ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ হতে ড্রেজার-গোমতী, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল বদলী পূর্বক পদায়ন করা হয়; যেহেতু, তাকে নারায়ণগঞ্জ দপ্তর হতে ০৩/০৬/২০২৫খ্রিঃ তারিখ বদলীকৃত কর্মস্থল বরিশালে যোগদানের জন্য অব্যাহতি প্রদান করা হয়; যেহেতু, তিনি বদলীকৃত কর্মস্থল বরিশালে যথাসময়ে কাজে যোগদান না করে ৩৪ দিন পর গত ০৮/০৭/২০২৫খ্রিঃ তারিখ কাজে যোগদান করেন;

যেহেতু, জনাব মোঃ জনি মিয়া, লস্কর গত ০৪/০৬/২০২৫খ্রিঃ হতে ০৭/০৭/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত মোট=৩৪ দিন বিনানুমতিতে দপ্তরে অনুপস্থিত ছিলেন; এতে কর্তৃপক্ষের কাজের বিঘ্ন সৃষ্টি হয়েছে; যেহেতু, তার উপযুক্ত কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি এবং কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫ (ক) এবং ৩৫(খ) প্রবিধি অনুসারে যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা" এবং "অসদাচরণ" এর অন্তর্ভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮. ৭০৭. ০৪৭. ০০. ০০. ৩৩৭. ২০২৬/৪৫৭. তারিখঃ ০২/০৪/২০২৬খ্রিঃ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়; যেহেতু, তিনি গত ১২/০৪/২০২৬খ্রিঃ তারিখ অভিযোগনামার জবাব দাখিল করেন; যেহেতু, অভিযোগনামার জবাব সহ নথি উপস্থাপন করা হলে, চেয়ারম্যান মহোদয় কর্তৃক তার প্রতি গত ০৪/০৬/২০২৫খ্রিঃ হতে ০৭/০৭/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত মোট=৩৪ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত কালকে বিনাবেতনে ছুটি হিসেবে মঞ্জুর এবং বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ ৩৬(১)(অ)(ক) মোতাবেক "তিরস্কার" লঘু দণ্ড আরোপ করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ জনি মিয়া, লস্কর, ড্রেজার-গোমতী, বরিশাল ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল এর প্রতি গত ০৪/০৬/২০২৫খ্রিঃ হতে ০৭/০৭/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত মোট=৩৪ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত কালকে বিনাবেতনে ছুটি হিসেবে মঞ্জুর এবং বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ ৩৬(১)(অ)(ক) মোতাবেক "তিরস্কার" লঘু দণ্ড আরোপ করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম পরিসমাপ্তি করা হলো;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ সাইফুল ইসলাম)

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)

বিআইডব্লিউটিএ

তারিখঃ ১১/০৫/২০২৬খ্রিঃ

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩৩৭.২০২৬/ ১১৫২

অনুলিপি

- ০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৫। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ০৭। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
- ০৮। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।